# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**25-04-2026** **Time: 1.40 PM**

বিশেষ বিশেষ খবরঃ-

১। রাজ্যের বিধানসভায় নির্বাচনের দ্বিতীয় ও চূড়ান্ত দফায় সাতটি জেলার ১৪২ টি আসনে আগামী ২৯ এপ্রিল ভোট গ্রহণের জন্য প্রচার অভিযান এখন তুঙ্গে। সব দলের প্রার্থীরাই মিটিং-মিছিল-রোড শোয়ের মধ্যে দিয়ে ভোটারদের মন জয়ের চেষ্টা চালাচ্ছেন।

২। এদিকে নির্বাচন কমিশন জানিয়েছে রাজ্যে বিধানসভায় নির্বাচনের প্রথম দফায় কোনো ভোট কেন্দ্রেই পুনর্নির্বাচন হচ্ছে না।

# নির্বাচন সংক্রান্ত কাজে গাফিলতির অভিযোগে কমিশন ডায়মন্ডহারবারের এডিশ্নাল এস পি সহ ৫ আধিকারিকের বিরুদ্ধে শাস্তিমূলক পদক্ষেপের নির্দেশ কমিশনের

৩। দ্বিতীয় দফা ভোটের আগে শান্তিপূর্ণ নির্বাচন নিশ্চিত করতে রাজ্যের বিভিন্ন জায়গায় পরিদর্শ্ন শুরু করেছেন মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল, বিশেষ পর্যবেক্ষক সুব্রত গুপ্ত এবং বিশেষ পুলিশ পর্যবেক্ষক এন কে মিশ্র।

৪। রেশন বন্টন দুর্নিতী মামলায় কলকাতা, বর্ধমান ও হাবড়ার মোট নটি জায়গায় তল্লাশী চালাচ্ছে ইডি।

৫। বিশিষ্ট অর্থনীতিবিদ ও বিধায়ক অশোক লাহিড়ী নীতি আয়োগের নতুন ভাইস চেয়ারম্যান হিসেবে নিযুক্ত হয়েছেন। নতুন কমিটিতে বিশিষ্ট বিজ্ঞানী ডক্টর গোবর্ধন দাস সদস্য হিসেবে নিযুক্ত হয়েছেন।

oooooooooooooooooooooooooooooo

পশ্চিমবঙ্গে বিধানসভা নির্বাচনের দ্বিতীয় ও চূড়ান্ত দফায় ৭-টি জেলার ১৪২টি আসনে আগামী ২৯ এপ্রিল ভোট গ্রহণের জন্য প্রচারাভিযান এখন তুঙ্গে। প্রচার শেষ হতে বাকি আর দু-

দিন। ভোটের আগে শেষ শনিবারে সব দলের প্রার্থীরাই মিটিং, মিছিল, পথসভা করে ভোটারদের মন জয় করার চেষ্টা চালাচ্ছেন।

বরিষ্ঠ **বিজেপি** নেতা, কেন্দ্রীয় **স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ** আজ রাজ্যের বিভিন্ন প্রান্তে প্রচার কর্মসূচিতে অংশ নিচ্ছেন। **পূর্ব বর্ধমানের** জামালপুরে সেলিমাবাদ তরুণ সংঘ ময়দানে এবং পরে হাওড়ার শ্যামপুরেও তিনি জনসভা করবেন। হাওড়ার রামরাজাতলা ও সন্ধ্যায় দক্ষিণ কলকাতার রানিকুঠিতে রোড শো করবেন তিনি।

আরেক বিজেপি নেতা, কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী **জগৎ প্রকাশ নাড্ডা** পূর্ব বর্ধমানের রায়নাতে রোড শো করেন। বর্ধমান উত্তর বিধানসভার বিজেপি প্রার্থীর সমর্থনে তিনি বাজেপ্রতাপপুরে 'বিজয় সংকল্প যাত্রা'-তেও সামিল হচ্ছেন।

**উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী** যোগী আদিত্যনাথ নবদ্বীপে পৌঁছেছেন। পূর্ব বর্ধমানের কাটোয়া স্টেডিয়ামে দলীয় প্রার্থীর সমর্থনে 'বিজয় সংকল্প যাত্রা'-করবেন।

**বিজেপি সভাপতি নিতিন নবীন**'ও আজ বরানগর থেকে টবিন রোড বাস স্ট্যান্ড পর্যন্ত রোড শোতে অংশ নেন। উত্তর ২৪ পরগণার অশোকনগর কল্যাণগড় মোড়, হুগলীর শ্রীরামপুরে রোড শো এবং হাওড়ার একটি মলে তার বুদ্ধিজীবীদের সঙ্গে মতামত বিনিময় কর্মসূচী রয়েছে।

এদিকে, আজ একগুচ্ছ কর্মসূচি রয়েছে তৃণমূল কংগ্রেস নেত্রী মমতা ব্যানার্জির। হুগলীর কোন্নগরে দলীয় প্রার্থীর সমর্থনে একটি সভা করবেন তিনি। এরপর দমদম উত্তর কেন্দ্রে একটি পদযাত্রায় অংশ নেবেন। নিজের কেন্দ্র ভবানীপুরে পদযাত্রায় সামিল হবেন তিনি। বেহালা পূর্ব এবং বেহালা পশ্চিমের দলীয় প্রার্থীদের সমর্থনে আরো একটি জনসভা করার কথা রয়েছে তৃণমূল কংগ্রেস নেত্রীর।

অন্যদিকে, দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় আজ দক্ষিণ ২৪ পরগণার ভাঙ্গর এবং হাওড়ার বালি কেন্দ্রের দলীয় প্রার্থীর সমর্থনে তিনটি জনসভা করবেন। মানিকতলাতেও পদযাত্রাতে অংশ নেবেন তিনি।

**কংগ্রেস** নেতা, লোকসভার বিরোধী দলনেতা **রাহুল গান্ধী রাজ্যে** হুগলির শ্রীরামপুরে সভায় পৌঁছেছেন। কলকাতায় শহীদ মিনার ও মেটিয়াবুরুজে দলীয় প্রার্থীদের সমর্থনে তিনি জনসভা করবেন।

সিপিআই(এম)-এর সাধারণ সম্পাদক এম এ বেবি এবং নেত্রী বৃন্দা কারাত আজ সন্ধে বেহালা পূর্ব ও পশ্চিমে দলীয় প্রার্থীদের সমর্থনে একটি মিছিলে অংশ নেবেন। বিকেল চারটেয় হাওড়ার আমতা, উলুবেড়িয়া উত্তর ও উদয়নারায়ণপুর কেন্দ্রে দলীয় প্রার্থীদের সমর্থনে একটি জনসভায় অংশ নেবেন দলের রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম।

ISF নেতা **নৌশাদ** সিদ্দিকি, ক্যানিং পূর্ব বিধানসভা কেন্দ্র, হাড়োয়ার গোপালপুর এবং দত্তপুকুরে রোড শো করবেন। এছাড়া, দক্ষিণ ২৪ পরগণার নাটুনহাট এবং উত্তর ২৪ পরগনার রাজারহাট, দেগঙ্গা, আমডাঙ্গা ও নিমতায় জনসভায় সামিল হবেন।

oooooooooooooooooooooooooooo

রাজ্যে বিধানসভা নির্বাচনের প্রথম দফায় ৪৪ হাজার ৩শো ৭৬ টি ভোট গ্রহণ কেন্দ্রের কোথাও ই পুনর্নির্বাচন হবে না বলে নির্বাচন কমিশন জানিয়েছে। কমিশনের তরফে বলা হয়েছে এই দফায় , বিক্ষিপ্ত কিছু ঘটনা বাদে কোথাও কোনো বড় রকমের হিংসা ছাড়াই ভোটগ্রহন সম্পন্ন হয়েছে। পর্যবেক্ষকদের রিপোর্ট ও বাস্তবিক নানা তথ্য সহ নিরাপত্তা ব্যবস্থা খতিয়ে দেখার পর এই দফায় শান্তিপূর্ণ ভোটগ্রহন হওয়ার কারণেই এই সিদ্ধান্ত বলেও কমিশন জানিয়েছে।

উল্লেখ্য,রাজ্যের প্রথম দফার নির্বাচনে ১৬ টি জেলার ১৫২ টি আসনে রেকর্ড ৯২ দশমিক ৮/৮ শতাংশ ভোট পড়ে।কেন্দ্রীয় বাহিনী ও মাইক্রো অবজার্ভারের উপস্থিতিতে নির্ভয়ে ভোটদান সুনিশ্চিত কর্‌র ফলেই এই সাফল্য বলে মনে করা হচ্ছে।

oooooooooooooooooooooooooooo

নির্বাচন কমিশন, ভোটের সময় দায়িত্বে গাফিলতি ও নিরপেক্ষতা বজায় রাখতে ব্যর্থতার অভিযোগে পশ্চিমবঙ্গের ডায়মন্ড হারবার পুলিশ জেলার একাধিক আধিকারিকের বিরুদ্ধে শাস্তিমূলক পদক্ষেপের নির্দেশ দিয়েছে। এরা হলেন, ডায়মন্ড হারবার পুলিশ জেলার অতিরিক্ত পুলিশ সুপার সন্দীপ গড়াই, SDPO সজল মণ্ডল, ডায়মন্ড হারবার থানার আইসি মৌসম চক্রবর্তী, ফলতা থানার আইসি অজয় বাগ এবং উস্তি থানার আইসি শুভেচ্ছা বাগ।

এছাড়া ডায়মন্ড হারবারের পুলিশ সুপার ইশানি পালের বিরুদ্ধেও সতর্কবার্তা জারি করেছে কমিশন। নির্বাচনের মতো সংবেদনশীল সময়ে অধস্তন আধিকারিকদের নিয়ন্ত্রণ ও শৃঙ্খলা বজায় রাখতে ব্যর্থতার অভিযোগেই এই পদক্ষেপ বলে জানা গিয়েছে।

নির্বাচন কমিশনের তরফে, এই নির্দেশ অবিলম্বে কার্যকর করতে বলা হয়েছে। আজ সকাল ১১টার মধ্যে এই সংক্রান্ত রিপোর্ট জমা দিতে হবে।

**oooooooooooooooooooooooooooo**

দ্বিতীয় দফার ভোটের আগে আরামবাগ, বনগাঁ, ব্যারাকপুর হয়ে সন্দেশখালি পর্যন্ত সরেজমিনে জরুরি পরিদর্শন শুরু করেছেন মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল, বিশেষ পর্যবেক্ষক সুব্রত গুপ্ত এবং বিশেষ পুলিশ পর্যবেক্ষক এন কে মিশ্র। নির্বাচন কমিশন সূত্রে খবর, আসন্ন দফায় একশোভাগ শান্তিপূর্ণ নির্বাচন নিশ্চিত করতেই এই পদক্ষেপ।

ইতিমধ্যেই আরামবাগে পৌঁছে গিয়েছেন মুখ্য নির্বাচনী আধিকারিক। সেখানে জেলাশাসক, পুলিশ সুপারদের পাশাপাশি সংশ্লিষ্ট প্রতিটি থানার ওসি-দের নিয়ে বৈঠক করার কথা রয়েছে। বৈঠকে বর্তমান আইন-শৃঙ্খলা পরিস্থিতি খতিয়ে দেখার পাশাপাশি বুথ স্তরে নিরাপত্তা সুনিশ্চিত করতে প্রয়োজনীয় নির্দেশ দেওয়া হবে।

বিশেষ করে অশান্তি প্রবন বুথগুলিতে কেন্দ্রীয় বাহিনীর মোতায়েন এবং নজরদারি বাড়ানো—এই দুই বিষয়েই জোর দেওয়া হচ্ছে বলে কমিশন সূত্রে জানা গিয়েছে।

**oooooooooooooooooooooooooooo**

কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধীনে কলেজগুলিতে স্নাতক স্তরের প্রথম সেমিস্টারের পরীক্ষা আবার শুরু হবে ১১ ই মে থেকে। মূলত ভোটের জন্য বিভিন্ন কলেজে কেন্দ্রীয় বাহিনী থাকায় পরীক্ষা স্থগিত করার সিদ্ধান্ত নিয়েছিল বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। ১০ই এপ্রিল থেকে ২৫ এপ্রিল পর্যন্ত এই পরীক্ষা হওয়ার কথা ছিল। তবে ১৩ ই এপ্রিলের পর থেকে পরীক্ষাগুলি আপাতত স্থগিত করা হয়েছিল। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানিয়েছে, বাকি পরীক্ষাগুলি ১১ থেকে ১৮ই মে পর্যন্ত নেওয়া হবে। এর পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের কলেজগুলিতে আগামী ৫ই মে পর্যন্ত স্নাতক স্তরের পঠন পাঠন অনলাইনে হবে।

**oooooooooooooooooooooooooooo**

রেশন দুর্নীতি মামলায় কলকাতা সহ বর্ধমান ও হাবড়ায় জোর কদমে তল্লাশি চালাচ্ছে জাতীয় তদন্ত সংস্থা ইডি। প্রিভেনশন অব মানি লন্ডারিং আইন ও গণ বন্টন ব্যবস্থায় দুর্নীতির অভিযোগে

তিন জায়গার মোট ৯টি ঠিকানায় শনিবার সকাল থেকেই তল্লাশি চলছে বলে ইডি সূত্রে খবর । দক্ষিণ কলকাতার ব্রহ্মপুর ও রিজেন্ট পার্ক এ চলছে তল্লাশি।

রেশন বন্টন দুর্নিতী মামলায় ইডি আজ ভোরে থেকে বর্ধমান ও হাবড়াতেও তল্লাশী চালাচ্ছে। চালব্যাবসায়ী সমীর চন্দ্রের হাবরার জয়গাছি নেতাজী রোডে র বাড়িতে তল্লাশী ও জেরা চালাচ্ছে । সঙ্গে আছে কেন্দ্রিয় বাহিনী। হাবড়ায় চাল ব্যাবসায়ী সমীর চন্দ্রের বাড়ি ও দোকানে, হাবড়ার চাল ব্যাবসায়ী সাগর সাহা র বাড়িতে,শ্রীনগর মেন রোডে, আর একই জাযগায় চাল ব্যাবসায়ী পার্থ সাহা, র বাড়িতে ও আরও কয়েক জায়গায তল্লাশী ও জেরা করছে ইডি। এছাড়া বর্ধমানের একটি রাইস মিলে তল্লাশচলছে।

oooooooooooooooooooooooooooo

বিশিষ্ট অর্থনীতিবিদ ও বিধায়ক অশোক লাহিড়ী নীতি আয়োগের নতুন ভাইস চেয়ারম্যান হিসেবে নিযুক্ত হয়েছেন। বিজেপি সূত্রে জানা গেছে,নীতি আয়োগের নতুন কমিটিতে বিশিষ্ট বিজ্ঞানী ডক্টর গোবর্ধন দাস সদস্য হিসেবে নিযুক্ত হয়েছেন। উল্লেখ্য ডক্টর অশোক লাহিড়ী ভারতের অন্যতম অভিজ্ঞ ও প্রবীণ অর্থনীতিবিদ। তিনি প্রধান অর্থনৈতিক উপদেষ্টা ছাড়াও অর্থ কমিশনের সদস্য, এশিয়া উন্নয়ন ব্যাংক, বিশ্ব ব্যাংক এবং আইএমএফ-এর মত একাধিক গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

ডক্টর গোবর্ধন দাস একজন  পরমাণু  বিজ্ঞানী এবং ইমিউনোলজি সংক্রামক রোগ বিষয়ে বিশেষজ্ঞ ছিলেন।

এদিকে নীতি আয়োগের ভাইস চেয়ারম্যান ও সদস্য হিসেবে নিযুক্ত হওয়ার জন্য বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য ও বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী ডক্টর অশোক লাহিড়ী এবং ডক্টর গোবর্ধন দাসকে অভিনন্দন জানিয়ে তাদের সাফল্য কামনা করেন।

ooooooooooooooooooooooooooooo

আজ বিশ্ব ম্যালেরিয়া দিবস। রাষ্ট্রসংঘের উদ্যোগে দিনটি ম্যালেরিয়া প্রতিরোধ বিষয়ে সচেতনতা গড়ে তুলতে সারা বিশ্ব জুড়ে পালন করা হচ্ছে।  ব্রিটিশ শারীরবিজ্ঞানী ডক্টর রোনাল্ড রস এই কোলকাতার পি জি হাসপাতালে পরীক্ষা নিরীক্ষা চালিয়ে মশাবাহিত প্লাসমোডিয়াম ফ্যালসিপেরাম নামে ম্যালেরিয়ার জীবানু আবিস্কার করেন। এজন্য তিনি ১৯০২ সালে নোবেল পুরস্কার

পেয়েছিলেন। কিন্তু এই আবিস্কারের পিছনে এক বাঙালি বিজ্ঞানীকে কেউ মনে রাখিনি। অথচ হয়তো তিনিই প্রথম ভারতীয় হিসাবে নোবেল পুরস্কার পেতে পারতেন। তিনি কিশোরীমোহন বন্দ্যোপাধ্যায়।  ম্যালেরিয়ার জীবানু চিহ্নিত করার জন্য রোনাল্ড রসকে সব কৃতিত্ব দেওয়া হয়। কিন্তু  কোলকাতার পি জি হাসপাতাল ও হুগলীর মহানাদে ম্যালেরিয়া চিকিৎসা কেন্দ্রে, তাঁর সহকারী হিসাবে গবেষক কিশোরীমোহনের অবদান কিছু কম ছিল না। প্রেসিডেন্সী কলেজের মেধাবী এই বিজ্ঞান স্নাতককে ডক্টর রস নিজেই বেছে নেন। কিন্তু নোবেলের জন্য তাঁর নেটিভ সহকারীর নামও যে মনোনীত হওয়া দরকার শ্বেতাঙ্গ প্রভুত্বের স্বাভাবিক ঔদ্ধত্যে রস তা ভুলে যান । তবে ১৯০৩ সালে রাজা সপ্তম এডোয়ার্ডের নামাঙ্কিত স্বর্ণপদক  দিয়ে তাঁকে সম্মান জানানো হয়। আজকের দিনে বিস্মৃত এই বাঙালি বিজ্ঞানীকে আনত শ্রদ্ধায় স্মরণ করি !

একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – প্রজেশ ব্যানার্জী)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বঙ্গোপসাগর থেকে প্রচুর জলীয় বাষ্প প্রবেশ করায় রাজ্যজুড়ে ঝড় বৃষ্টির পূর্বাভাস।
উত্তরবঙ্গের জলপাইগুড়ি ও আলিপুরদুয়ার জেলায় আজ ভারী বৃষ্টির কমলা সতর্কতা রয়েছে। মালদা উত্তর ও দক্ষিণ দিনাজপুর এবং দার্জিলিং জেলাতেও ৫০ থেকে ৬০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া এবং বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে। গত ২৪ ঘন্টায় উত্তরবঙ্গে আলিপুরদুয়ার জেলার মাঝেরডাবরি এলাকায় সর্বাধিক ৬৬ মিলিমিটার বৃষ্টি রেকর্ড করা হয়েছে।
দক্ষিণ বঙ্গের বীরভূম মুর্শিদাবাদ নদীয়া পূর্ব ও পশ্চিম বর্ধমান এবং পুরুলিয়া জেলায় আজ ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে দমকা হাওয়া এবং বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির হলুদ সর্তকতা রয়েছে।। তবে এরই সঙ্গে পশ্চিমের জেলা গুলিতে উষ্ণ ও অস্বস্তিকর আবহাওয়াও বজায় থাকবে। আগামীকাল থেকে দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় বৃষ্টির পরিমাণ বাড়বে। কলকাতা ও আশপাশের এলাকাতেও আজ আকাশ আংশিক মেঘলা থাকবে বিকেলের পর বিক্ষিপ্তভাবে ঝড় বৃষ্টি হওয়ার সম্ভাবনা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০